গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পসংখ্যান ব্যুরো
ফিন্যান্স এ্যাডমিনিষ্ট্রেশন অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন (৮ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০২.৪৫.০০৪.০২ - ১৬৭৪

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

সংযুক্ত পত্রের মর্ম অনুযায়ী আগ্রহী প্রার্থীদের তথ্য পত্রে উল্লিখিত ছক মোতাবেক পূরণ করে আগামী ২৯/০৭/২০২০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা

27.07.2020

মোঃ এমদাদুল হক
পরিচালক
☎ ০২-৫৫০০৭০৬৮
e-mail: emdad1972@yahoo.com

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল),------------------------------------------------------------উইং, বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৩) প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক (সকল),-----------------------------------------------, বিবিএস, ঢাকা।

অনুলিপি:

(০১) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০২) স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৩) অফিস কপি/গার্ড নথি।

(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

নং ২০.০৭.০০০০.০০৬.০২.০০২.১৯.৪

তারিখ : ২৪ আষাঢ়, ১৪২৭ / ০৮ জুলাই, ২০২০

বিষয়: <u>জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক "Project Planning and Management (PPM) 3rd Batch" শীর্ষক সান্ধ্যকালীন অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে (সন্ধ্যা ০৭:৩০ - রাত ০৯:৩০) কর্মকর্তা মনোনয়ন প্রসংগে।</u>

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। *বর্তমানে দেশের আর্থ সামাজিক উন্নয়ন লক্ষ্যমাত্রা Vision 2021 এবং Vision 2041 বাস্তবায়নের লক্ষ্যে দেশ আজ উন্নয়নের মহাসড়কে ধাবমান। এ লক্ষ্য পূরণের অন্যতম অনুষঙ্গ হলো কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা। বর্তমানে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ইকনমিক ক্যাডার প্রশাসন ক্যাডারের সাথে একীভূত হওয়ায় প্রশাসনের সকল কর্মকর্তাকেই প্রকল্প ব্যবস্থাপনার দায়িত্ব পালন করতে হবে। এ জন্য প্রয়োজন প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সঠিক ও সুষ্ঠু জ্ঞান ও দক্ষতা। বর্তমানে প্রকল্পের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রকল্পের জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তার সংখ্যা বাড়ছে না। ফলে প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। বর্তমানে এমন কোন অফিস বা কর্মকর্তা নেই যিনি কোন না কোনভাবে প্রকল্পের সাথে জড়িত নন, কিন্তু ডিপিপি প্রণয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে অনেকের কোন ধারনাই নেই। এ লক্ষ্য পূরণের উদ্দেশ্যে এবং বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতিতে দিবা কোর্সে কর্মকর্তাগনের অংশগ্রহন সমস্যা হয়, তা বিবেচনা করে প্রকল্প ব্যবস্থাপনায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি সান্ধ্যকালীন একটি কার্যকর প্রশিক্ষণ কোর্স শুরু করেছে।* এরই ধারাবাহিকতায় "Project Planning and Management (PPM)" শীর্ষক (৩৫ কর্মদিবস মেয়াদী) প্রশিক্ষণ কোর্সটির ৩য় ব্যাচ আগামী ০৯ আগস্ট, ২০২০ হতে ২৭ অক্টোবর, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সটি বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় zoom software ব্যবহারের মাধ্যমে অনলাইনে বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে একাডেমি মুক্ত পাঠের মাধ্যমে একটি অনলাইনে কোর্সও zoom software ব্যবহার করে কয়েকটি কোর্সের অসমাপ্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করেছে। এতে প্রশিক্ষণার্থীবৃন্দ যথেষ্ঠ উপকৃত হয়েছেন। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো :

(1) Course Objectives :
- a) To acquaint the participants with the conceptual framework of planning with reference to Bangladesh
- b) To familiarize them with existing procedures, practices, rules and Methodology of project planning and management
- c) To increase the technical competence of the trainees in project formulation. appraisal, implementation, monitoring and evaluation

(2) Designed for : Officers of grade-9 and above and other officers working in development projects. class-1 officers of the Government. semi-govt. autonomous bodies and Non-government organization.

(3) Course Fee : Tk. 20,000/-(Tk. Twenty thousand only) excluding (VAT & IT) net payable in cash or by crossed cheque in favour of **"Director General, National Academy for Planning and Development, Dhaka"** at the time of registration.

(4) Course Contents : **Module 1: Planning, Formulation and Financing of Projects**
- a. Annual Development Program
- b. Budgetary framework with MTBF
- c. Project cycle
- d. Project design with logical framework
- e. Explanation of DPP, TPP formats and exercise
- f. Gender responsive planning and budgeting
- g. Mainstreaming climate change in development planning
- h. Project Financing : concept and techniques
- i. Sources of project financing
- j. Domestic resource mobilization
- k. Foreign aid and its use
- l. Public Private Partnership (PPP)

**Module 2: Project Appraisal**
- a. Project Appraisal: objectives and scope
- b. Demand forecasting and cash flow of project
- c. Discounting technique
- d. Financial appraisal with NPV, B/C ratio & IRR calculation
- e. Economic appraisal
- f. Technical appraisal
- g. Service sector project appraisal/ RRA
- h. Participatory rural appraisal
- i. EIA of development projects
- j. Project sensitivity and risk analysis
- k. Approval procedure of development projects

**Module 3: Project Implementation**

a. Explanation of DPP and TPP
b. Exercise on DPP and TPP
c. Role of a project manager/ project directors
d. Managing project team / team building and leadership
e. Implementation plan of a project
f. Total quality management
g. Project risk management
h. Procurement management: PPA-2006, PPR-2008
i. Procurement plan & e-GP
j. MS Project for managing project
k. Management Information System (MIS)

**Module 4: Project Monitoring and Evaluation**

a. Different concepts of monitoring and evaluation
b. Earned value management
c. Role of IMED in project monitoring and evaluation
d. Explanation and exercise of IMED formats
e. IMED forms (PMIS): online submission
f. Result based management
g. Sustainability of development projects
h. Project Completion Report (PCR)

(৫) পাঠ্যক্রমের মেয়াদ ও সময় : ০৯ আগস্ট, ২০২০ হতে ২৭ অক্টোবর, ২০২০ ( ৩৫ কর্ম দিবস) ।
সন্ধ্যাঃ ০৭:৩০ – রাত ০৯:৩০ মি: (সপ্তাহে ৩ দিন, রবিবার, মঙ্গলবার, বুধবার)।

(৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৩০ জন।

(৭) মনোনয়ন পাঠানোর শেষ তারিখ : ০৪ আগস্ট, ২০২০

(৮) মনোনয়ন প্রক্রিয়া : এনএপিডি'র মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারীর বরাবর সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে।

(৯) বর্তমানে কোভিড-১৯ মহামারী পরিস্থিতির কারণে সরকারি দপ্তর সমূহে ২৫% কর্মকর্তা দিয়ে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন হচ্ছে। কাজেই বাকী ৭৫% কর্মকর্তার অনেকেই এই অবসর সময়ে কোর্সটিতে অংশ গ্রহণ করে প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারেন। এছাড়া সন্ধ্যায় অনলাইনে কোর্সটি পরিচালিত হবে বিধায় এতে অফিসের কাজে বিঘ্ন ঘটার কোন সম্ভাবনা নেই। তদুপরি, বছরে ৬০ ঘন্টার প্রশিক্ষণ নেয়ার একটি বাধ্যবাধকতা রয়েছে বিধায় অফিস প্রধান এ প্রশিক্ষণে কর্মকর্তার মনোনয়ন দিতে পারেন।

(১০) এমতাবস্থায়, প্রকল্প জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তা সৃষ্টির লক্ষ্যে উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক আগ্রহী কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব মো: রমজান আলী (মোবাইল: ০১৮১৬২৬৪০৪৬, ই-মেইল: ramjan.napd@gmail.com) এর সাথে সকল কর্মদিবসে অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এপস (NAPD Apps গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করা যাবে) এ আসন্ন কোর্সসমূহ হতে "Project Planning and Management (PPM)3rd Batch" কোর্সের "ENROLMENT" বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হল:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

মনোনয়ন প্রদান সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মহাপরিচালকের কার্যালয়, বিবিএস

(মোঃ হাসান তারিক
পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ও
কোর্স পরিচালক
ফোন: (০২) ৯৬৭২৩৫৭
ফ্যাক্স: (০২) ৫৮৬১৫৬৯৫
ই-মেইল: dir.research@napd.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন,
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭।